



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-২৬৫০


তারিখঃ ২৮/১২/২০১৪ খ্রিঃ।

বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের কারণে ৫০ ভাগ বেতন-ভাতা স্থগিত।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে অনিয়ম ও অবহেলার কারণে মহাপরিচালক, বিআরডিবি মহোদয়ের নির্দেশে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রকল্পের কাজে কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার দায়িত্বে অবহেলা, গাফিলতি ও সমিতি পর্যায়ে তদারকির অভাবে বিতরণকৃত ঋণের বেশির ভাগই ডিসেম্বর ২০১৪ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণে পরিণত হওয়ার আশংকার বিষয় উল্লেখ করেন। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে স্মারক নং- ২২২০ তারিখঃ ২৭/১০/২০১৪ খ্রিস্টাব্দ মোতাবেক বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ হবার পূর্বেই আদায়ের সর্বাত্মক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ইতিপূর্বে স্মারক নং ১৬৫৬ তারিখ ১২/৬/২০১৪ খ্রিস্টাব্দ জারীকৃত পত্রে উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা হতে সমন্বয় করা হবে মর্মে সতর্ক করা হয়; কিন্তু উক্ত উপজেলায় বিতরণকৃত ঋণ ইতিমধ্যে মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিণত হয়েছে। সার্বিক অবস্থা পর্যালোচনা করে প্রতীয়মান হয়েছে কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার অবহেলা, উদাসীনতা ও তদারকির অভাব এবং হিসাব সহকারীসহ মাঠ সংগঠকদের প্রকল্প কার্যক্রমে গাফিলতির কারণে বর্ণিত অবস্থার সৃষ্টি হয়েছে। এমতাবস্থায়, উক্ত উপজেলায় কর্মরত নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতা হতে প্রতি মাসে নিম্নোক্ত হারে স্থগিত রাখার নির্দেশ প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম	পদবী	বেতন-ভাতা স্থগিত
১	ফারহানা আক্তার	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	প্রতি মাসে ৫০% হারে
২	মোঃ মোশাররফ হোসেন	হিসাব সহকারী	প্রতি মাসে ৩০% হারে
৩	মোঃ সুলতান মাহমুদ	মাঠ সংগঠক	
৪	আসমা বেগম	মাঠ সংগঠক	
৫	আজাদুল ইসলাম	মাঠ সংগঠক	

০২। শতভাগ মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় না হওয়া পর্যন্ত বর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা উপরোক্ত হারে প্রতি মাসে স্থগিত রাখার জন্য বলা হলো। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ শতভাগ আদায় সাপেক্ষে তাদের স্থগিতকৃত বেতন-ভাতা বকেয়া হিসেবে প্রদান করা যাবে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় না হওয়া পর্যন্ত স্থগিতকৃত বেতন-ভাতা প্রদান করা হলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো,  
বিআরডিবি, ঢাকা।  
ফোন: ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলাঃ বোরহানউদ্দিন, জেলাঃ ভোলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, (ইরেসপো) বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দিন, জেলাঃ ভোলা।
৪. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি।